

Prime Minister participates in G20 Extraordinary Summit on Afghanistan

October 12, 2021

আফগানিস্তানের উপর জি২০ গোষ্ঠীর বিশেষ শীর্ষ সম্মেলনে প্রধানমন্ত্রী অংশ নিয়েছেন

অক্টোবর 12, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ আফগানিস্তানের উপর জি২০ গোষ্ঠীর বিশেষ সম্মেলনে ভারুয়ালী অংশগ্রহণ করেন। জি২০ গোষ্ঠীর বর্তমান সভাপতি ইটালি এই বৈঠকের আহ্বান করেছে। ইটালির প্রধানমন্ত্রী মি. মারিও ড্রাঘি বৈঠকের পৌরোহিত্য করেন। আফগানিস্তানে মানবিক পরিস্থিতি, সন্ত্রাসবাদের বিষয়ে উদ্বেগ এবং মানবাধিকার পরিস্থিতি নিয়ে বৈঠকে আলোচনা হয়েছে।

জি২০ গোষ্ঠীর সভাপতি হিসেবে আফগানিস্তানের বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনার যে উদ্যোগ ইটালি নিয়েছে, প্রধানমন্ত্রী তাকে স্বাগত জানান। ভারত ও আফগানিস্তানে জনসাধারণের মধ্যে দীর্ঘদিনের সম্পর্কের কথা তিনি তাঁর ভাষণে উল্লেখ করেন। প্রধানমন্ত্রী বলেন, আফগানিস্তানে আর্থ-সামাজিক উন্নয়নে ও যুবক – যুবতী এবং মহিলাদের ক্ষমতায়নের জন্য ভারত গত দুই দশকে বেশ কিছু উদ্যোগ নিয়েছে। সে দেশে ৫০০র বেশি উন্নয়নমূলক প্রকল্প ভারত বাস্তবায়িত করেছে।

প্রধানমন্ত্রী বলেন, ভারতের সঙ্গে বন্ধুত্বের বিষয়ে আফগান জনসাধারণের মনে বিশেষ একটি জায়গা রয়েছে। তিনি বলেন, আফগান জনসাধারণের ক্ষুধা এবং অপুষ্টির খবরে প্রত্যেক ভারতবাসী ব্যথিত। আন্তর্জাতিক সম্প্রদায়কে আফগানিস্তানের জন্য দ্রুত মানবিক সাহায্য পাঠানো নিশ্চিত করার জন্য তিনি গুরুত্ব দেন।

প্রধানমন্ত্রী বলেন, আফগান ভূখন্ড যাতে আঞ্চলিক বা আন্তর্জাতিক স্তরে মৌলবাদ এবং জঙ্গিবাদের উৎসস্থল না হয়ে ওঠে, সে দিকে খেয়াল রাখতে হবে। মৌলবাদ, সন্ত্রাসবাদ এবং এই অঞ্চলে অস্ত্র ও মাদকের চোরাচালানের বিরুদ্ধে যৌথ সংগ্রাম গড়ে তুলতে হবে।

বিগত ২০ বছরে আফগানিস্তানে যে আর্থ-সামাজিক উন্নয়ন হয়েছে, তাকে রক্ষা করা এবং মৌলবাদের প্রসার প্রতিহত করার উপর গুরুত্ব দিয়ে প্রধানমন্ত্রী সেখানে একটি সর্বাঙ্গীণ প্রশাসনের ব্যবস্থা করতে আহ্বান জানান। এই প্রশাসনে মহিলা এবং সংখ্যালঘুদের থাকতে হবে। আফগানিস্তানের বিষয়ে রাষ্ট্রসংঘ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের ২৫৯৩ রিজ্যুলিউশনটিকে জি২০ গোষ্ঠীভুক্ত দেশগুলি যাতে সমর্থন জানায়, তিনি সেবিষয়ে বক্তব্য রাখেন। প্রধানমন্ত্রী, আন্তর্জাতিক বিভিন্ন পরিস্থিতির মধ্যেও আফগানিস্তানের কাঙ্ক্ষিত পরিবর্তন আনা নিশ্চিত করতে ঐক্যবদ্ধ আন্তর্জাতিক উদ্যোগের আহ্বান জানিয়েছেন।

নতুন দিল্লী

অক্টোবর 12, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.